এই প্রশ্নপত্রটিতে 32 টি প্রশ্ন [বিভাগ-ক (20) + বিভাগ-খ (7) অথবা বিভাগ-গ (5)] এবং 8 টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং | | | | | | | | | | | | |

**Code No. 51/SS/O/B**
কোড নং

সেট **A**

# বাংলা
# (303)

পরীক্ষার দিন ও তারিখ ______________________

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর **1.** ______________________

**2.** ______________________

www.cbseportal.com

**সাধারণ নির্দেশাবলী :**

**1** পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

**2** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

**3** উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গন্য হবে।

**4** আপনার প্রশ্নপত্রের কোড নং **51/SS/O/B** এবং **Set-A** টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।



Download From: http://cbseportal.com

# বাংলা
# (303)

সময় ঃ **3** ঘন্টা ] [ পুর্ণমান ঃ **100**

**দ্রষ্টব্য ঃ**

(i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' তিনটি বিভাগ আছে।

(ii) বিভাগ 'ক'-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ 'খ' এবং বিভাগ 'গ' এর যে কোনো **একটি** বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ 'ক'-এর মান 85 এবং বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ'-এর মান 15.

## বিভাগ - ক

**1** (ক) নিম্নলিখিত কাব্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **4**

চন্দ্রচূড় জটাজালে আছিলা যেমতি
জাহ্নবী, ভারত-রর্স ঋষি দ্বৈপায়ন,
ঢালি সংস্কৃতহ্রদে রাখিলা তেমতি;
তৃষ্ণায় আকুল বঙ্গ করিত রোদন।
কঠোর গঙ্গায় পূজি ভগীরথ ব্রতী,
((সুধন) তাপস করে নরকুলধন)
সাগর বংশের যথা সাধিলা মুকতি,
পবিত্রিলা আনি মায়ে, এতিন ভুবন।

**অথবা**

এই পৃথিবীতে একস্থান আছে, সব চেয়ে সুন্দর করুন :
যেখানে লেবুর মাথা নুয়ে থাকে অন্ধকারে ঘাসের উপর;
সুদর্শন উড়ে যায় ঘরে তার অন্ধকার সন্ধ্যার বাতাসে,
সেখানে হলুদ সাড়ি লেগে থাকে রূপসীর শরীরের পর -
শঙ্খমালা নাম তার; এ বিশাল পৃথিবীর কোনো নদী ঘাসে
তারে আর খুঁজে পাবে নাকো - বিশালাক্ষী দিয়েছিল বর
তাই সে জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর।

(খ) নিম্নলিখিত পংক্তিগুলির কাব্য সৌন্দর্য স্পষ্ট করুন : **2**

বাংলা ভাষা উচ্চারিত হলে নিকোনো উঠানে ঝরে
রৌদ্র, বারান্দায় লাগে জ্যোৎস্নার চন্দন। বাংলা ভাষা
উচ্চারিত হলে অন্ধ বডিলের একতারা বাজে
উদার গৈরিক মাঠে, খোলাপথে, উত্তাল নদীর
বাঁকে বাঁকে, নদী ও নর্তকী হয়।



Download From: http://cbseportal.com

2 নিম্নলিখিত প্রশ্নগুলির যে কোনো **দুটির** উত্তর অনধিক 35 শব্দে লিখুন : **2×2=4**

(ক) 'রাধার কী হৈল অন্তরে ব্যথা' কবিতায় রাধার কোন আচরনে তাঁর বিরহিনী মূর্তি ফুটে উঠেছে ?

(খ) 'পদ্মাবতীর বিবাহমঙ্গল' কবিতায় মহাদেবীর আজ্ঞার পর ঘটনার কী পরিবর্তন ঘটেছিল ?

(গ) 'নাজমা' কবিতার স্বামীর উপর নৃশংস আক্রমণ সমর্থন যোগ্য কিনা সে বিষয়ে আপনার মতামত জানান ।

(ঘ) 'প্রশ্ন' কবিতায় সমাজের কোন অবস্থা নিয়ে কবি প্রশ্ন তুলেছেন ?

3 'নারী' কবিতার অন্তর্নিহিত ভাবটি সংক্ষেপে লিখুন । **2**

4 মধ্যযুগের গীতিকাব্য ধারায় পদাবলি সাহিত্যের বৈশিষ্ট্য লিখুন । **2**

5 'পাখির নীড়ের মতো চোখ' এর মধ্যে কবিতার কোন আলংকারিক বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে ? **2**

6 নিম্নলিখিত স্তবকটি পড়ে প্রশ্নগুলির উত্তর দিন :

সবাই দেখেছে যে রাজা উলঙ্গ, তবুও
সবাই হাততালি দিছে ।
সবাই চেঁচিয়ে বলছে : শাবাশ, শাবাশ !
কারও মনে সংস্কার, কারও মনে ভয়,
কেউবা নিজের বুদ্ধি অন্য মানুষের কাছে বন্ধক দিয়েছে,
কেউবা পরান্নভোজী, কেউ
কৃপা প্রার্থী, উমেদার, প্রবঞ্চক
কেউবা ভাবছে, রাজবস্ত্র অতীব সূক্ষ্ম, চোখে
পড়ছেনা যদিও, তবু আছে ।

**প্রশ্ন :**

(ক) এই অংশে বর্নিত রাজার পোশাকের সম্বন্ধে কী বলা হয়েছে ? **1**

(খ) দর্শকরা কী ভাবে আনন্দ প্রকাশ করছে ? **1**

(গ) এই দর্শকদের মধ্যে যারা যারা ছিল এমন দু ধরনের লোকের পরিচয় দাও । **1**

(ঘ) পরান্নভোজী কাকে বলে ? **1**



www.cbseportal.com
Download From: http://cbseportal.com

7 নিম্নলিখিত গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **6**

অপূর্ব নড়িল না। সে যেখানে নিশ্চল পাথরের মূর্তির মতো দাঁড়াইয়া একান্তমনে বলিতে লাগিল, মুহূর্ত পরে তোমার হাতে শৃংখল পড়িবে; কৌতূহলী নরনারী তোমার লাঞ্ছনা ও অপমান চোখ মেলিয়া দেখিবে, তাহারা জানিতেও পারিবেনা তাহাদের জন্য তুমি সর্বস্ব ত্যাগ করিয়াছ বলিয়াই তাহাদের মধ্যে তোমার থাকা চলিবে না। তাহার চোখ ঝরঝর করিয়া জল পড়িতে লাগিল এবং যাহাকে সে কোনোদিন দেখেনাই, তাহাকেই সম্বোধন করিয়া বলিতে লাগিল মুক্তিপথের অগ্রদূত ! পরাধীন দেশের হে রাজবিদ্রোহী তোমাকে শতকোটি নমস্কার।

**অথবা**

পৃথিবী পরিবর্তনশীল। দুইমুহূর্তের অবস্থা কখনো এক হয় না। একথা যদি সত্য হয় তাহলে মহাভারতের কিংবা বৈদিকযুগের অবস্থার সঙ্গে আজিকার অবস্থার যে প্রভেদ তাতে তো কোনো সন্দেহই থাকতে পারে না। প্রাচীনকালে ভারতে এক হিন্দু জাতিরই বাস ছিল। এখন কিন্তু দেশের অবস্থা একেবারেই বদলে গেছে। এখন এদেশে হিন্দু ছাড়া মুসলমান, পারসী প্রভৃতি অন্যান্য জাতিরা বাস করছে। বিদেশের সঙ্গে সম্পর্ক এখন এদেশের লোকের পূর্বাপেক্ষা অনেক বেড়েছে। এসকলসত্য থেকে একটিমাত্র সিদ্ধান্তে আসা যায় এবং এটা এই যে নূতন যুগের সমস্যার নূতন সমাধান দরকার।

8 নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

(i) 'রংলাল বালকের মতো কাঁদিতে আরম্ভ করিল' - রংলালের এরূপ কান্নার কারন কী ? **1**

(ii) তাঁতি মদনের কোন আচরনে তাকে শিল্পী বলা হয় ? **2**

(iii) 'নীলকণ্ঠ' নাটকে ধাঙড় মেথরদের প্রতি অন্যদের আচরন সমর্থন যোগ্য কিনা এবিষয়ে আপনার মতামত জানান। **2**

(iv) আণ্টার্কটিকায় পিঙুইনদের দেখে লেখিকা ও তাঁর সঙ্গীরা অভিভূত হয়েছিলেন কেন ? **2**

9 যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন : **2**

(i) 'অনাচার' গল্পে সুভাষকাকিমা ও মনোতোষের কথাবার্তার সময় বারো বছরের নন্দী মনোতোষকে যে ভাষায় সতর্ক করেছিল তার বিশেষ ভঙ্গির দুটি দৃষ্টান্ত উল্লেখ করুন।

(ii) 'শিলাইদহ' পত্রাংশে আকাশে মেঘের বর্ণনার ভাষা বৈশিষ্ট্য দুএকটি দৃষ্টান্তসহ দেখিয়ে দিন।



Download From: http://cbseportal.com

10 নীচের অংশটি পরে প্রশ্নগুলির উত্তর দিন :

বাহিরের সংস্রব আমার পক্ষে যতই দুর্লভ হোক বাহিরের আনন্দ আমার পক্ষে হয়তো সেকারনেই সহজ ঝিল। উপকরন প্রচুর থাকিলে মনটা কুঁড়ে হইয়া পড়ে, সে কেবলই বাহিরের উপরেই সম্পূর্ণ বরাত দিয়া বসিয়া থাকে; ভুলিয়া যায়, আনন্দের ভোজে বাহিরের চেয়ে অন্তরের অনুষ্ঠানটাই গুরুতর। শিশুকালে মানুষের সর্বপ্রথম শিক্ষাটাই এই। এখন তাহার সম্বল স্বল্প এবং তুচ্ছ, কিন্তু আনন্দ লাভের পক্ষে ইহার চেয়ে বেশি তাহার প্রয়োজন নাই। সংসারে যে হতভাগ্য শিশু খেলার জিনিস অপর্যাপ্ত পাইয়া থাকে তাহার খেলা মাটি হইয়া যায়।

**প্রশ্ন :**

(i) বাহিরে আনন্দ কী কারনে বক্তার পক্ষে পাওয়া সহজ ছিল ? **1**

(ii) উপকরনের আধিক্যের কুফল কী ? **1**

(iii) শিশু খেলা মাটি হয়ে যায় কেন ? **2**

11 'আরন্যক' উপন্যাসে রাজু পাঁড়ের জীবনের আকর্ষনীয় দিকগুলির পরিচয় দিন। **4**

**অথবা**

রাজা দোবরু পান্নার পূর্ব পুরুষ কী পরিচয় পাওয়া যায় লিখুন।

12 যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন : **1×4=4**

(i) ভানুমতী কে ?

(ii) রাজাদের সমাধিমন্দিরের বৈশিষ্ট্য কী ?

(iii) ম্যানেজার সত্যচরন কুন্তার উন্নতির জন্য কী সাহায্য দিয়েছিলেন ?

(iv) কুন্ডীর ধারে সত্যচরন কী অদ্ভুত দৃশ্যটি দেখেছিলেন ?

(v) বনজঙ্গল সম্বন্ধে সত্যচরনের প্রথম দিকের ধারনা পরে পরে কী রকম বদলে গিয়েছিল ?

13 নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

(i) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করুন : (যে কোন দুটি) **2**

রাজাসাহেব, পাঁচিল ঘেরা, রাজ কন্যা, অনুচ্চ।

(ii) প্রত্যয় যোগে শব্দ গঠন করুন : (যে কোনো দুটি) **2**

বন + ম, দৃশ্ + তি, ভ্রম্ + অন, শ্যাম + ল ।

(iii) নির্দেশমতো পরিবর্তন করুন : **2**

যখন শীতকাল তখন তিনি ফিরে এলেন। (সরল বাক্যে)

তাদের কোনো দোষ নেই। (হ্যাঁ-বাচক বাক্যে)

(iv) চলিত ভাষায় রূপান্তরিত করুন : **4**

আমাদের আগে খাওয়া না হইলে উহারা খাইবে না। অনেক খুঁজিয়া তবে তাহা পাইল।



Download From: http://cbseportal.com

14 নীচের যে কোনো একটি বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন : 4

(i) বন্যার প্রকোপে দেশের অনেক জায়গায় জনজীবনে যে প্রতিক্রিয়া হচ্ছে সে সম্বন্ধে সংবাদ পত্রের জন্য একটি প্রতিবেদন লিখুন ।

(ii) মূল্যবৃদ্ধির ফলে জনজীবনে যে প্রতিক্রিয়া হচ্ছে সে সম্বন্ধে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন লিখুন ।

15 যখন বাড়িথেকে বেরুচ্ছিলেন তখন ছিল বেশ রোদ । হটাৎ বৃষ্টি এসে আপনাকে ভিজিয়ে দিল । সে সময় আপনার মনের প্রতিক্রিয়া অনধিক 40 শব্দে লিখুন । 2

**অথবা**

নিমন্ত্রন বাড়িতে অতিথি হয়ে এলেন, দেখলেনবাড়িটি তালাবন্ধ । আসলে আপনি ভুল ঠিকানায় এসেছিলেন । তখন আপনার মানসিক প্রতিক্রিয়া অনধিক 40 শব্দে লিখুন ।

16 নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দিন :

গত চল্লিশ বৎসরে নানাবিধ আবিষ্কারে ফলে আমরা প্রাচীন আর্য জাতির জ্ঞানের পরিধির একটি নির্ভরযোগ্য বর্ণনা পাচ্ছি । মহেঞ্জোদারোর যুগ প্রায় আজ থেকে চার হাজার বৎসর আগে । উৎখননে সেই সময়কার নানা শিল্পদ্রব্য আবিষ্কৃত হয়েছে । আমরা জেনেছি এ দেশেই প্রথমে নানা রঙের কাচ প্রস্তুত হত । ব্রোঞ্জ ও কাংস্য ধাতুর তৈরি নানা উপকরনও আমরা পেয়েছি । পরে নানা স্থানে তার নানা ব্যবহার আজ চলেছে দেখতে পাই । এ দেশেই বিশুদ্ধ লোহা প্রস্তুত হত ও নানা দেশে রপ্তানি হত তার খবরও মিলেছে । ইস্পাত তৈরির রহস্যও ভারতের আবিষ্কার । বিখ্যাত দামাস্কাস ও টলেডোর তরবারি নির্মানে যে ভারতীয় ইস্পাত ব্যবহৃত হত এ জেনে দেশের সকলের গর্ব অনুভব করার কথা ।

**প্রশ্ন :**

(i) এই অনুচ্ছেদের উপযুক্ত শিরোনাম কী হবে ? 1

(ii) এদেশে প্রথম উৎপন্ন হয়েছে এমন দুটি জিনিসের উল্লেখ করুন । 1

(iii) কী জেনে দেশের গর্ব বোধ হবার কথা ? 1



Download From: http://cbseportal.com

**17** নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দিন : **4**

(i) শাক সবজির দাম বেড়েছে 20%, ফলের দাম বেড়েছে 35%, পোশাকের দাম বেড়েছে 30%, যাতায়াত খরচ বেড়েছে 15% । এই তথ্য একটি পাই-চার্টে (Pie Chart) দেখান ।

(ii) লুচি তৈরির প্রক্রিয়াটি (Flow Chart) এর সাহায্যে দেখান ।

**18** যে কোন একটি বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন : **8**

(i) ভ্রমনের অভিজ্ঞতা

(ii) একটি পুষ্করিনীর আত্মকথা

(iii) আপনার জীবনের লক্ষ্য

(iv) আপনার ছেলেবেলার দিনগুলি ।

**19** চিঠি লেখার নিয়মনীতি মেনে নীচের যে কোনো একটি বিষয়ে একটি পত্র লিখুন : **4**

(i) আপনার বাড়িতে বিবাহ অনুষ্ঠানে আসার জন্য বন্ধুকে একটি চিঠি লিখুন ।

(ii) যানবাহনের অসুবিধা নিয়ে সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি চিঠি লিখুন ।

**20** নীচের অনুচ্ছেদটির সারাংশ লিখুন : **3**

সেই দেখেছি সেবার গঙ্গার রূপ । গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত, বসন্ত কোনো ঋতুই বাদ দিইনি, সব ঋতুতেই মা গঙ্গাকে দেখেছি । এই বর্ষাকালে দুকূল ছাপিয়ে জল উঠছে গঙ্গার লাল টক টক করছে জলের রূপ, তার উপর গোলাপী পাল তোলা ইলিশ মাছের নৌকা এদিক ওদিক দুলে দুলে বেড়াছে, সে কী সুন্দর ! তার পর শীতকালে বসে আছি ডেকে গরম চাদর জড়িয়ে, উত্তুরে হাওয়া মুখের উপর দিয়ে কানের পাশ ঘেঁষে চলেছে হু হু করে । সামনে কিছু দেখা যায়না । মনে হত পুরাকালের ভিতর দিয়ে নূতন যুগ চলেছে কোনো রহস্য উদঘাটন করতে । থেকে থেকে হঠাৎ দুটি একটি নৌকা সেই ঘন কুয়াশার ভিতর থেকে স্বপ্নের মতো বেরিয়ে পড়ত ।

**অথবা**

বিপদে মোরে রক্ষা করো
এ নহে মোর প্রার্থনা,
বিপদে আমি না যেন করি ভয় ।
দুঃখ তাপে ব্যথিত চিতে
নাইবা দিলে সান্ত্বনা
দুঃখে যেন করিতে পারি জয় ।
সহায় মোর না যদি জোটে
নিজের বল না যেন টুটে
সংসারেতে ঘটিলে ক্ষতি
লভিলে শুদ্ধু বঞ্চনা,
নিজের মনে না যেন মানি ক্ষয় ।



Download From: http://cbseportal.com

## বিভাগ - খ

## (পর্যটন)

21 পর্যটন কয় প্রকার ? প্রত্যেক প্রকারের নাম লিখুন। 2

22 ভারতের দুটি শৈল শহরের নাম লিখুন। 1

23 পর্যটন সংগঠনের প্রধান দিকগুলোর কথা লিখুন। 4

24 পর্যটন শিল্পের উন্নতির জন্য কোন কোন বিষয়ের উপর জোর দিতে হবে লিখুন। 4

25 হোটেল ও মোটেলের পার্থক্য কী ? 1

26 টুর গাইডের কী কী যোগ্যতা থাকা দরকার ? 2

27 ভারতের দুটি উপকূল-পর্যটন কেন্দ্রের নাম লিখুন। 1

## বিভাগ - গ

## (গর্নজ্ঞাপন)

21 গর্নজ্ঞাপন কী সেটা উদাহরন দিয়ে বুঝিয়ে দিন। 4

22 চিরাচরিত মাধ্যমের চারটি সীমাবদ্ধতার উল্লেখ করুন। $\frac{1}{2}\times4=2$

23 সংবাদ মাধ্যমের চারটি গুরুত্বের উল্লেখ করুন। $\frac{1}{2}\times4=2$

24 টেলিভিশনের চারটি অনুষ্ঠানের নাম লিখে প্রত্যেকটির $\frac{1}{2}\times4=2$

একটি করে বৈশিষ্ট্যর কথা লিখুন। $\frac{1}{2}\times4=2$

25 গর্নমাধ্যমের তিনটি সমস্যার উল্লেখ করে সেগুলোর সমাধানের ইঙ্গিত দিন। $1\frac{1}{2}\times2=3$



www.cbseportal.com

Download From: http://cbseportal.com